



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৯.০০১.২০.৯৩

২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি প্রদানে দুর্নীতি প্রতিরোধকল্পে অংশীজনদের অংশগ্রহণে ১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত কর্মশালার
প্রতিবেদন প্রেরণ।

সূত্র: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ৩.২ অনুযায়ী

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ৩.২ অনুযায়ী মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি প্রদানে দুর্নীতি প্রতিরোধকল্পে অংশীজনদের অংশগ্রহণে ১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখ বুধবার ট্রাস্টের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত কর্মশালার প্রতিবেদন অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: কর্মশালার প্রতিবেদন।

০৯-১০-২০২৩
স্মৃতি কর্মকার
ব্যবস্থাপনা পরিচালক
০২-৮১৯২২০০
md@pmeat.gov.bd

সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

দৃষ্টি আকর্ষণ:

উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৯.০০১.২০.৯৩/১ (১)

২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।



০৯-১০-২০২৩
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক

প্রতিবেদনের অংশ:

দপ্তর: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তি প্রদানে দুর্নীতি প্রতিরোধকল্পে অংশীজনদের অংশগ্রহণে ১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত কর্মশালার প্রতিবেদন।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ৩.২ অনুযায়ী মাধ্যমিক পর্যায়ের উপবৃত্তি প্রদানে দুর্নীতি প্রতিরোধকল্পে অংশীজনদের অংশগ্রহণে ১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখ বুধবার ট্রাস্টের সন্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালা উদ্বোধন করেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব স্মৃতি কর্মকার। কর্মশালাটি সঞ্চালনা করেন ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব রেজওয়ানা আক্তার জাহান। কর্মশালায় রিপোর্টিয়ার হিসেবে দায়িত্ব পালন করেন ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) জনাব আশ্রাফুল মামুন। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ট্রাস্টের পরিচালক কাজী দেলোয়ার হোসেন, স্কিম পরিচালক (সমন্বিত উপবৃত্তি কর্মসূচি) জনাব মোহাম্মদ আসাদুল হক এবং ট্রাস্টের সহকারী পরিচালক (উপবৃত্তি) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ। কর্মশালায় গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় (একজন শিক্ষক প্রতিনিধি ও দুইজন শিক্ষার্থী), শহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয় (একজন শিক্ষক প্রতিনিধি, একজন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (০১ জন শিক্ষক প্রতিনিধি, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), কচিকণ্ট উচ্চ বিদ্যালয় (০১ জন শিক্ষক প্রতিনিধি, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), জামোয়াই হযরত আবু বকর ছিদ্দিক রা: দাখিল মাদরাসা (০১ জন সুপার, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), বেঙ্গলী মিডিয়াম হাইস্কুল (প্রধান শিক্ষক, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক) থেকে মোট ০৬ জন শিক্ষক, ০৭ জন শিক্ষার্থী ও ০৫ জন অভিভাবক, ০২ জন থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (ক্যান্টনমেন্ট ও কাফরুল) এবং ঢাকা ট্রিবিউন এর ০১ জন সাংবাদিক প্রতিনিধিসহ মোট একুশ জন অংশীজন হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ১৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি: তারিখ বুধবার অনুষ্ঠিত কর্মশালার স্থিরচিত্র-



রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক